

## 🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬:১০৯

## 💵 আরবি মূল আয়াত:

## وَ مَا اَسَّلُكُم عَلَيهِ مِن اَجِرٍ إِن اَجِرِيَ إِلَّا عَلَى رَبِّ العُلَمِينَ ﴿١٠٩﴾

## 

'আর এর উপর আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না; আমার প্রতিদান শুধু সৃষ্টিকুলের রবের নিকট'।
— আল-বায়ান

আমি তার জন্য তোমাদের কাছে কোন প্রতিদান চাই না। আমার প্রতিদান একমাত্র বিশ্বজগতের প্রতিপালকের কাছেই আছে।' — তাইসিরুল

আমি তোমাদের নিকট এ জন্য কোন প্রতিদান চাইনা; আমার পুরস্কারতো জগতসমূহের রবের নিকটই রয়েছে। — মুজিবুর রহমান

And I do not ask you for it any payment. My payment is only from the Lord of the worlds. — Sahih International

১০৯. আর আমি তোমাদের কাছে এর জন্য কোন প্রতিদান চাই না; আমার পুরস্কার তো সৃষ্টিকুলের রব-এর কাছেই আছে।

তাফসীরে জাকারিয়া

(১০৯) আমি তোমাদের নিকট এর জন্য কোন প্রতিদান চাই না; আমার প্রতিদান তো বিশ্বজগতের প্রতিপালকের নিকটই আছে। [1]

[1] আমি তোমাদের মাঝে আল্লাহর বাণী পোঁছে দিচ্ছি, তার জন্য আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাচ্ছি না; বরং তার পারিশ্রমিক মহান আল্লাহর নিকট, যা কিয়ামত দিবসে তিনি আমাকে দান করবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3041

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন